গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

শাল্লা উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২১ এর সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি: চৌধুরী আব্দুল্লাহ আল মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা।

সভার তারিখ: ২৯/০৯/২০২১ খ্রি:

সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিতি: পরিশিষ্ট-"ক"

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন থাকলে তা উপস্থাপনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।<br><br>সিদ্ধান্ত: কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| | উপজেলা পরিষদের স্থায়ী কমিটি গুলো সক্রিয় নয় মর্মে পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভাপতি গভীর ক্ষোভ প্রকাশ করেন।<br><br>সিদ্ধান্ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটিগুলোর সভা নিয়মিত সম্পন্ন করে সভার নোটিশ, প্রতিবেদন ও সভার হাজিরাসহ কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সভাপতি/সদস্য সচিব সংশ্লিষ্ট কমিটি |
| | স্বাস্থ্য বিভাগ: উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষ্যে টিকা কার্যক্রম টার্গেট সফল হয়েছে। এজন্য সকলকে ধন্যবাদ। ল্যাব টেকনিশিয়ান নিয়োগের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এক্সরে মেশিন ঠিক আছে কিনা না থাকলে নতুন করে ঠিক করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রোগীর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। প্রাথমিক সেবার মানও বাড়ছে।<br><br>সিদ্ধান্ত: এক্সরে মেশিন মেরামত না থাকলে দ্রুত মেরামত করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ বিভাগ, শাল্লা। |
| | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাদের বিভাগীয় কার্য্যক্রম সুষ্ট ও সুন্দর ভাবে চলছে। ফ্যামেলী ওয়েল ফেয়ার সেন্টার পরিবার কল্যান কেন্দ্র আটগাঁও ইউনিয়নের রাহতলা স্বাস্থ্য কেন্দ্র চালু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। রক্ষনাবেক্ষনের অভাবে দরজা জানালা ভেঙ্গে পড়েছে। এ বিষয়ে কি কি ব্যবস্থা নিতে হবে পরিবার পরিকল্পনা কর্মকর্তা প্রতিবেদন দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। হবিবপুর ইউনিয়নে স্বাস্থ্য কেন্দ্র নির্মাণের জন্য সভাকে অবহিত করেন। প্রান্তিক পর্যায়ে জনগণের মাঝে স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে ইউনিয়ন ওয়ারী উপজেলা স্বাস্থ্য কেন্দ্র নির্মানের বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে শাল্লা ইউনিয়নে কোন স্বাস্থ্য কেন্দ্র নেই। ইউনিয়নের সুবিধাজনক জায়গায় জমি নির্বাচন করে সিভিল সার্জন সুনামগঞ্জ মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণের বিষয়ে তিনি উল্লেখ করেন।<br><br>সিদ্ধান্ত: প্রত্যেক ইউনিয়নে সুবিধাজনক জায়গায় জমি নির্বাচন করে জমির তফসিল সহ প্রস্তাব দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাল্লা।<br><br>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br><br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) |
| | উপজেলা প্রকৌশলী: উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির প্রথম কিস্তি বাবদ বার্ষিক উন্নয়ন তহবিলে ৩০,৬২,০০০/- (ত্রিশ লক্ষ বাষট্টি হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। | উপজেলা প্রকৌশলী, এল জি ই ডি, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: ২০২১-২০২২ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ খাত ভিত্তিক প্রকল্প হিসাবে এডিপির বরাদ্দ বিভাজন করে তালিকা প্রস্তুত করে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | প্রাণিসম্পদ বিভাগ: প্রাণী সম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি আরো জানান যে,গরু ও হাঁসমুরগীর ভ্যাকসিন চলমান রয়েছে। আলোচনায় অংশ গ্রহন করে ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ শাল্লা জানান যে, শাল্লা উপজেলা পরিষদের শহীদ মিনার সংলগ্ন গাছগুলোতে বিভিন্ন প্রজাতির পাখির বাসা বেঁধে দীর্ঘ দিন যাবৎ মলমুত্র ত্যাগ করে আসছে। উক্ত মলমুত্রের কারণে উক্ত রাস্তা দিয়ে জনসাধারণের চলাচলের অসুবিধা সহ উপজেলা পরিষদের পুকুরের পানি নষ্ট হয়ে যাচ্ছে। যার ফলে পুকুরে গোসল করা সহ উক্ত পুকুরের পানি পান করা সম্ভব কর হচ্ছে না। বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার শাল্লা জানান যে, যেহেতু পাখিগুলো দীর্ঘ দিন যাবৎ এখানে বসবাস করে আসছে এজন্য বিকল্প পন্থা হিসাবে অভয়াশ্রমের প্রয়োজন রয়েছে। উক্ত অভয়াশ্রম তৈরীর লক্ষ্যে উপজেলা সদরের পার্শে ১.০০ (এক একর) খাস ভূমি চিহ্নিত করার জন্য তিনি সহকারী কমিশনার (ভূমি) শাল্লাকে অনুরোধ জানান । প্রানী সম্পদ কর্মকর্তা সভায় আরো জানান যে,ঘুঙ্গিয়ারগাঁও বাজারে পশু জবাই ও মাংস বিক্রি করার জন্য নির্ধারিত কোন স্থান নেই। ফলে জনসাধরণের মাংস ক্রয় বিক্রয় করার অসুবিধার কারণে উপজেলা পরিষদের সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেকে একটি স্থান নির্বাচন করার জন্য আমাকে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হয়। হিন্দু মুসলমান সহাবস্থান পারিপার্শ্বিক পরিস্থিতি ও সার্বিক দিক বিবেচনায় এনে মুসলমানদের জন্য উপজেলা পরিষদ জামে মসজিদ সংলগ্ন এবং হিন্দু ধর্মালম্বীদের জন্য ঘুঙ্গিয়ারগাঁও বাজারে কালি মন্দির সংলগ্ন স্থান নির্ধারন করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পাখির অভয়াশ্রম সৃষ্টির পুর্বে জনগণের চলাচল সহ পানীয় জলের সুবির্ধার্তে আপাতত উপজেলা পরিষদের গাছগুলো ছেটে ফেলার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া পাখির অভয়াশ্রম তৈরীর লক্ষ্যে উপজেলা সদরের আশপাশে এক একর জায়গায় চিহ্নিত পূর্বক প্রস্তাব প্রেরণ করার জন্য সহকারী কমিশনার ভূমিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>সিদ্ধান্ত: ঘুঙ্গিয়ারগাঁও বাজারে পশু জবাই ও মাংস বিক্রি করার জন্য মুসলমান ধর্মালম্বীদের জন্য উপজেলা পরিষদ জামে মসজিদ সংলগ্ন এবং হিন্দু ধর্মালম্বীদের জন্য ঘুঙ্গিয়ারগাঁও বাজারের কালিমন্দির সংলগ্ন স্থান নির্ধারণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। পশু জবাই ও মাংস বিক্রির ক্ষেত্রে পরিবেশ ঠিক রেখে পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রন আইন ২০১১ অনুসরণ পূর্বক আগে আসলে আগে পাবেন ভিত্তিতে অনুমতি দেওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রনিসম্পদ কর্মকর্তা, শাল্লা।<br>সহকারী কমিশনার (ভূমি) শাল্লা। |
| | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের সারের বরাদ্দ ও মজুদ সন্তোষ জনক। অত্র উপজেলার সারের কোন ঘাটতি নেই। আলোচনায় অংশ গ্রহন করে চেয়ারম্যান বাহাড়া ইউপি জানান যে,ভেড়াডহরে সারের ডিলার ও সাব ডিলারের কাছ থেকে প্রান্তিক পর্যায়ের কৃষকগণ সার পাচ্ছে না। যার কারণে রোপা আমনের উৎপাদন ব্যাহত হচ্ছে।<br><br>সিদ্ধান্ত: সারের বরাদ্দ মজুদের লক্ষ্য মাত্রা অর্জনের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বাহাড়া ইউনিয়নের ভেড়াডহের কৃষকগণ যেন সার পান তার দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, শাল্লা। |
| | উপজেলা শিক্ষা অফিস: উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২৩/০৯/২০২১ খ্রি: থেকে বিদ্যালয় শুরু হয়েছে। সকল শিক্ষার্থী যাতে বিদ্যালয়ে এসে পাঠদান করে সে জন্য অভিভাবক সহ সকলকে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানান এবং যে সকল বিদ্যালয়ের এসএমসি এর মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল বিদ্যালয়ে দ্রুত এসএমসি পূর্ণ গঠন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা। |

| | | |
|---|---|---|
| | সিদ্ধান্ত: করোনা কালীন সময়ে কোন শিক্ষার্থীর কোন উপসর্গ দেখা দিলে সাথে সাথে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে জানানো এবং এসএমসি পূর্ণ গঠনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | উপজেলা মহিলা বিষয়ক অফিস: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জনাব মো: আবু তাহের মিয়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কাযক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত: মহিলা বিষয়ক বিভাগীয় কার্যক্রম আরো ভালভাবে করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিস, শাল্লা |
| | উপজেলা মৎস্য অফিস: উপজেলা মৎস কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ট ও সুন্দর ভাবে চলছে।<br><br>সিদ্ধান্ত: মৎস্য বিভাগীয় কার্যক্রম আরো ভালভাবে করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার, শাল্লা। |
| | উপজেলা সমাজ সেবা অফিস: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, শতভাগ ভাতাভূক্ত উপজেলার মধ্যে শাল্লা উপজেলা অন্তর্ভূক্ত হওয়ায় বয়স্ক ও বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা আবেদন সম্পূর্ণ অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে ১০-ই সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত অত্র উপজেলার সকল ভাতাভোগীর নামে আবেদন গ্রহন করা হয়। তিনি আরো জানান যে,সংগৃহীত পুল হইতে আবেদন যাচাই বাচাই এর জন্য পর্যায়ক্রমে ইউনিয়ন কমিটিতে প্রেরণের জন্য আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, প্রতিবন্ধীদের নীতিমালায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনিত হওয়ার কারণে এবং শতভাগ ঘোষিত বিধায় সকল প্রতিবন্ধীকে যথাযথ প্রক্রিয়ায় জরীপে অংশ গ্রহন করে ডিআইএস কার্ড গ্রহনের মাধ্যমে ভাতা নিতে ইচ্ছুক প্রতিবন্ধীদের সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্ত: প্রতিবন্ধীদের নীতিমালায় গুরুত্বপূর্ণ পরিবর্তন আনিত হওয়ার কারণে এবং শতভাগ ঘোষিত বিধায় সকল প্রতিবন্ধীকে যথাযথ প্রক্রিয়ায় জরীপে অংশ গ্রহন করে ডিআইএস কার্ড গ্রহনের মাধ্যমে ভাতা নিতে ইচ্ছুক প্রতিবন্ধীদের সমাজসেবা কার্যালয়ে যোগাযোগের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা, অফিসার, শাল্লা। |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টিআর, কাবিটা, ইজিপিপির সকল কাজ সমাপ্ত হয়েছে। মানবিক সহায়তার বিতরণ কাজ চলমান আছে। তিনি আরো জানান যে, মানবিক সহায়তা পাওয়ার জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মানবিক সহায়তার একাউন্টে জমা আছে। তিনি আরো জানান যে, উক্ত টাকার ৩৩৩ হতে যদি কেউ ফোন করে সাহায্য চায় তবে সেক্ষেত্রে তিনি সাহায্য পাওয়ার উপযুক্ত কিনা যাচাই করে তাকে সাহায্য প্রদান করা যেতে পারে।<br><br>সিদ্ধান্ত: আগামী অর্থ বছরে টিআর কাবিটা ইজিপিপির প্রকল্প নির্বাচন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অবগত করা হয় । ৩৩৩ হতে কেউ ফোন দিলে তাকে মানবিক সহায়তা প্রদান করা হবে মর্মে সভাকে অবহিত করেন । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস,শাল্লা। |
| | উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য পরিদর্শক জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি এ মাসে চালু হবে। খাদ্য বান্ধবের অতিরিক্ত অনুমোদিত ৭৭২ জনের তালিকা তাদের কার্যালয়ে নোটিশ বোর্ডে ও সংশ্লিষ্ট অফিসের ওয়েব পোর্টালে দেওয়ার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br><br>সিদ্ধান্ত: খাদ্য বিভাগীয় কার্যক্রম আরো গতিশীল করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য অফিসার, শাল্লা |
| | উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে,তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই।<br><br>সিদ্ধান্ত : সমবায় বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার,শাল্লা |

| | | |
|---|---|---|
| | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক। আপাতত কোন সমস্যা নাই। তিনি আরো জানান যে, এডিপি বরাদ্দের ৭২ টি নলকূপ বসানোর কাজ চলমান আছে।<br><br>সিদ্ধান্ত: প্রাক্কলন অনুযায়ী নলকূপ বসানোর কাজ এবং পাটাতন নির্মাণ করার জন্য উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্যকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য |
| | বিবিধ: উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা করার জন্য ইতিপূর্বে ভাইস চেয়ারম্যানকে আহব্বায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায় নি।<br><br>সিদ্ধান্ত: এ বিষয়ে জরুরী ভিত্তিতে পঞ্চবার্ষিকী পরিকল্পনা করার বিষয়ে বিভাগওয়ারী তথ্যাদি সংগ্রহ করে ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ শাল্লা, সুনামগঞ্জ। |
| | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের জন্য টিআর এর বরাদ্দ থেকে একটি নৌকা ক্রয় করার বিষয়ে সভাকে অবহিত করেন।<br><br>সিদ্ধান্ত: টি আর এর বরাদ্দ থেকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা প্রদানের বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাল্লা |
| | ২. উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, বিশিষ্ট পার্লামেন্টারিয়ান ও প্রয়াত নেতা বাবু সুরঞ্জিত সেন গুপ্তের প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং প্রয়াত নেতার উন্নয়ন কর্মকান্ডের স্মৃতি অক্ষুন্ন রাখার স্বার্থে উপজেলা পরিষদের অথবা সরকারি ভূমিতে সুবিধা জনক স্থানে একটি মুর‌্যাল স্থাপন করার বিষয়ে সকলের অভিমত ব্যক্ত করার জন্য আলোচনা করেন। উক্ত প্রস্তাবের প্রতি সকলেই একমত পোষন করে উপজেলা নির্বাহী অফিসারকে এরুপ একটি প্রস্তাব আনয়নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে একটি স্থান নির্বাচন কমিটির বিষয়ে একমত পোষন করেন।<br><br>স্থান নির্ধারণ কমিটি নিম্নরুপ:<br>১. ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, শাল্লা — আহব্বায়ক<br>২. চেয়ারম্যান বাহাড়া ইউপি, শাল্লা — সদস্য<br>৩. চেয়াম্যান আটগাঁও ইউপি, শাল্লা — সদস্য<br>৪. পিযুষ চন্দ্র দাস, সাংবাদিক, শাল্লা — সদস্য<br>৫. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাল্লা — সদস্য<br>৬. উপজেলা শিক্ষা অফিসার, শাল্লা — সদস্য সচিব<br><br>সিদ্ধান্ত: সুরঞ্জিত সেন গুপ্তের মুর‌্যাল স্থাপনের বিষয়ে স্থান নির্বাচন করার জন্য নিম্নরুপ একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিকে আগামী সভার পূর্বে স্থান নির্বাচন করে প্রতিবেদন দাখিলের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩. উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা জানান যে, অত্র উপজেলার বিভিন্ন বিভাগের জনবল কাঠামো অনুযায়ী অনেক শূন্যপদ রয়েছে। প্রত্যেক বিভাগের শূন্যপদ পূরনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ফলে দৈনন্দিন কাজ কর্মে বিঘ্ন সৃষ্টি হচ্ছে।<br><br>সিদ্ধান্ত: প্রত্যেক বিভাগের শূন্যপদ সহ জনবল কাঠামো আগামী সভার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার বরাবর দাখিলের জন্য সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৪.জনাব লোকেশ চন্দ্র তালুকদার, পিতা-মৃত লক্ষণ তালুকদার, সাং-নাইন্দা ইউপি-বাহাড়া, উপজেলা-শাল্লা, উপজেলা পরিষদের মালিকানাধীন বাহাড়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন একটি টিন সেড ভাড়া প্রদানের জন্য আবেদন দাখিল করেছেন। সভায় আবেদনখানা উত্থাপনান্তে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে | উপজেলা নির্বাহী অফিসার শাল্লা |

মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া প্রদান সাপেক্ষে ০৭ (সাত) বৎসরের জন্য জনাব লোকেশ চন্দ্র তালুকদার, পিতা-মৃত লক্ষণ তালুকদার, সাং-নাইন্দা, ইউপি বাহাড়া, উপজেলা শাল্লা এর নিকট ভাড়া প্রদানে উপস্তিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত: জনাব লোকেশ চন্দ্র তালুকদার, পিতা-মৃত লক্ষণ তালুকদার, সাং-নাইন্দা, ইউপি-বাহাড়া, উপজেলা-শাল্লা এর নিকট মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া প্রদান সাপেক্ষে ০৭ (সাত) বৎসরের জন্য উপজেলা পরিষদের মালিকানাধীন বাহাড়া ইউনিয়ন পরিষদ সংলগ্ন টিন সেড কক্ষটি ভাড়া প্রদানের সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.জনাব ফেনী ভূষণ সরকার, পিতা-মৃত ফটিক লাল সরকার, সাং-ঘুঙ্গিয়ারগাঁও, উপজেলা-শাল্লা উপজেলা পরিষদের মালিকানাধীন ঘুঙ্গিয়ারগাঁও বাজার সংলগ্ন (পুরাতন আটগাঁও ইউনিয়ন পরিষদের অস্থায়ী কার্যালয়টি ১০ (দশ) বছরের জন্য ভাড়া গ্রহনের জন্য আবেদনটি সভায় উপস্থাপন করা হয়। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে মাসিক ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা ভাড়া প্রদান সাপেক্ষে ১০ (দশ) বছরের জন্য জনাব ফেনী ভূষন সরকার, পিতা-মৃত ফটিক লাল সরকার, গ্রাম-ঘুঙ্গিয়ারগাঁও, উপজেলা শাল্লা এর নিকট উপজেলা পরিষদের মালিকানাধীণ ঘুঙ্গিয়ারগাঁও বাজার সংলগ্ন (পুরাতন আটগাঁও ইউনিয়ন পরিষদের অস্থায়ী কার্যালয়টি ১০ (দশ) বছরের জন্য ভাড়া প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত: জনাব ফেনী ভূষন সরকার, পিতা-মৃত ফটিক লাল সরকার, গ্রাম-ঘুঙ্গিয়ারগাঁও, উপজেলা শাল্লা এর নিকট মাসিক ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা ভাড়া প্রদান সাপেক্ষে ১০ (দশ) বছরের জন্য অস্থায়ী কক্ষটি চুক্তিনামা সম্পাদন পূর্বক ভাড়া প্রদানে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. জনাব নুর ইসলাম, পিতা-লোকমান মিয়া, সাং-সহদেবপাশা, উপজেলা-শাল্লা উপজেলা পরিষদের কিন্ডার গার্ডেন সংলগ্ন পুকুরটি ০৫ (পাঁচ) বছরের জন্য লিজ নেওয়ার আবেদনখানা সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উক্ত পুকুরটি ১৪২৮-১৪৩২ বাংলা সন পর্য্যন্ত বার্ষিক ১০,০০০ (দশ হাজার) টাকা লীজমানি প্রদান সাপেক্ষে ইজারা প্রদান এবং ইজারাকৃত অর্থের ৫০% অর্থ উপজেলা পরিষদের আওতাধীন শাল্লা কিন্ডার গার্ডেন কে প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত: নুর ইসলাম, পিতা-লোকমান মিয়া, সাং-সহদেবপাশা, উপজেলা-শাল্লা, উপজেলা পরিষদের কিন্ডার গার্ডেন সংলগ্ন পুকুরটি ০৫ (পাঁচ) বছরের জন্য লিজ পুকুরটি ১৪২৮-১৪৩২ বাংলা সন পর্যন্ত বার্ষিক ১০,০০০ (দশ হাজার) টাকা লীজমানি প্রদান সাপেক্ষে ইজারা প্রদান এবং ইজারাকৃত অর্থের ৫০% অর্থ উপজেলা পরিষদের আওতাধীন শাল্লা কিন্ডার গার্ডেন প্রদানের বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. জনাব মোঃ আব্দুর রশীদ, পিতা-মোঃ আব্দুল লতিফ, গ্রাম-চব্বিশা, উপজেলা-শাল্লা উপজেলা পরিষদের পুরাতন টিন ভবনে একটি রুম মুসলিম কাজী অফিস ও হিন্দু বিবাহ নিবন্ধকের অফিস হিসাবে ব্যবহার করার আবেদনখানা সভায় উত্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে টিন সেট ভবনের একটি কক্ষ বার্ষিক ৬০০০/- (ছয় হাজার) টাকা ভাড়ার বিনিময়ে ভাড়া প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত: মোঃ আব্দুর রশীদ, পিতা-মোঃ আব্দুল লতিফ, গ্রাম-চব্বিশা, উপজেলা-

| | | |
|---|---|---|
| | শাল্লা উপজেলা পরিষদের পুরাতন টিন ভবনে একটি রুম মুসলিম কাজী অফিস ও হিন্দু বিবাহ নিবন্ধকের অফিস হিসাবে ব্যবহার করার আবেদনখানা সভায় উত্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে টিন সেড ভবনের একটি কক্ষ বার্ষিক ৬০০০/- (ছয় হাজার) টাকা ভাড়ার বিনিময়ে ভাড়া প্রদানের বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৮. বিবিধ: চেয়ারম্যান ১নং আটগাঁও ইউনিয়ন পরিষদ জানান যে, স্মারক নং ২০২১/২৪(২) তারিখ: ০২/০২/২০২১খ্রি: মূলে উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা বরাবর ১নং আটগাঁও ইউনিয়ন পরিষদে দফাদার ও একজন গ্রাম পুলিশের (৭নং ওয়ার্ড) শূন্য পদে লোক নিয়োগ সংক্রান্ত পত্র দেওয়া হয়। উক্ত পত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত: ১নং আটগাঁও ইউনিয়ন পরিষদে দফাদার ও একজন গ্রাম পুলিশের (৭নং ওয়ার্ড) শূন্য পদে লোক নিয়োগের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিয়োগ সংক্রান্ত বাচাই কমিটি গঠন করা হয়।<br><br>কমিটি নিম্নরূপ:<br>০১। উপজেলা মৎস্য কর্মকর্তা, শাল্লা — আহবায়ক<br>০২। উপজেলা শিক্ষা কর্মকর্তা, শাল্লা — সদস্য<br>০৩। উপজেলা সমবায় কর্মকর্তা, শাল্লা — সদস্য সচিব<br><br>৯. জনাব চৌধুরী আবদুল্লাহ আল মাহমুদ, গ্রাম-শ্রীহাইল, ইউপি, শাল্লা, উপজেলা-শাল্লা, বিএডিসি, দিরাই জোন হতে অগভীর নলকূপ বসানোর আবেদনের প্রেক্ষিতে উপ-সহকারী প্রকৌশলী,বিএডিসি (ক্ষুদ্র সেচ), দিরাই কর্তৃক সরজমিন পরিদর্শন পূর্বক নলকূপ বসানোর জন্য সুপারিশ করায় এবং তৎপ্রেক্ষিতে উপজেলা সেচ কমিটি ও সুপারিশ করায় তাঁর নামে একখানা অগভীর নলকূপ বসানোর বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত: জনাব চৌধুরী আবদুল্লাহ আল মাহমুদ, গ্রাম-শ্রীহাইল, ইউপি, শাল্লা, উপজেলা-শাল্লা, বিএডিসি, দিরাই জোন হতে অগভীর নলকূপ বসানোর বিষয়ে সভায় সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং যথাযথ কর্তৃপক্ষকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি,ক্ষুদ্র সেচ, দিরাই ও উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

চৌধুরী আব্দুল্লাহ আল-মাহমুদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১১.০০০.৩৩.০০৪.২১-৪৪৮/১(৫০)

তারিখ: ২৯ সেপ্টেম্বর ২০২১ খ্রি: / ১৪ আশ্বিন ১৪২৮ বাংলা

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
০২। ড.জয়াসেন গুপ্তা, জাতীয় সংসদ সদস্য, দিরাই-শাল্লা-২।
০৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৫। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
০৬। অমিতা রানী দাস, মহিলা ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৭। দীপু রঞ্জন দাস, ভাইস চেয়ারম্যান, শাল্লা, সুনামগঞ্জ।
০৮। উপজেলা ---------------- অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, সকল, শাল্লা, সুনামগঞ্জ।
১০। জনাব ------------------------------------ সদস্য।

(মোঃ আল-মুক্তাদির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।